

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০২.২০২২-২৯৫

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বান্দরবান জেলার বিভিন্ন উপজেলাধীন ব্যক্তিদ্বয়ের অনুকূলে শিক্ষা সহায়তা ও আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ প্রদানের নিমিত্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত অর্থ প্রদানের নিমিত্ত ২,৭৫,০০০/- (দুই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে বর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

ক্র. নং	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বরাদ্দের ধরণ	অনুমোদিত বরাদ্দ
১.	জনাব চাম্পাও শ্রো, বংয়ক হেডম্যান পাড়া, থানচি।	শিক্ষা সহায়তা	২০,০০০/-
২.	জনাব মংচথোয়াই মার্মা, সাং-থানচি হেডম্যান পাড়া, থানচি।	চিকিৎসা সহায়তা	২০,০০০/-
৩.	জনাব ম্রাচিংউ মারমা, সাং-উষামং হেডম্যান পাড়া, থানচি।	চিকিৎসা সহায়তা	১০,০০০/-
৪.	জনাব ডেনিস ত্রিপুরা, সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগ, থানচি উপজেলা শাখা, থানচি।	শিক্ষা সহায়তা	২৫,০০০/-
৫.	জনাব হামিতা ত্রিপুরা সিমা, গ্রাম-বাইছাং ত্রিপুরা পাড়া, ওয়ার্ড নং-৩, দোছড়ি, নাইক্ষ্যংছড়ি।	চিকিৎসা সহায়তা	২০,০০০/-
৬.	জনাব মোঃ আব্দুল ওহাব, অফিস সহায়ক, প্রশাসন শাখা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	চিকিৎসা সহায়তা	৩০,০০০/-
৭.	জনাব তাহসিন হোসেন নাকিব, সাং-বান্দরবান বাজার, ৪নং ওয়ার্ড, বান্দরবান পৌরসভা।	শিক্ষা সহায়তা	১০,০০০/-
৮.	জনাব রুনাজন ত্রিপুরা, বিদ্যামনি পাড়া, ৬নং ওয়ার্ড, থানচি।	চিকিৎসা সহায়তা	২০,০০০/-
৯.	জনাব খোয়াই হ্লাপু মারমা, সাং-উজিমুখ হেডম্যান পাড়া, ৬নং ওয়ার্ড, বান্দরবান সদর।	চিকিৎসা সহায়তা	২০,০০০/-
১০.	জনাব মেনসিন শ্রো কারবারী, ওম্পু পাড়া বেসরকারী প্রাঃ বিদ্যালয়, ৫নং টংকাবর্তী ইউপি, বান্দরবান সদর।	আর্থিক সাহায্য	২,০০,০০০/-

০২। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ট্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৭,৬৫,০০,০০০/- (সাত কোটি পঁয়ষট্টি লক্ষ) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

শর্তসমূহ:

- (১) মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- (২) বরাদ্দকৃত অর্থ A/c payee চেকের মাধ্যমে বিতরণপূর্বক মাস্টার রোল নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- (৪) মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব

ফোন-৫৫১০০৬৩০

তারিখঃ ১৭/০১/২০২৩ খ্রি:।

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০২.২০২২-২৯৫

সদয় জ্ঞাতার্থে/কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা।
৮. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯. জনাব.....।
১০. অফিস কপি।

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব